

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ আগস্ট ২০২১খ্রি.

চসিক মেয়রের সাথে বিএমডিএফ এমডি'র সাক্ষাত অব্যবহৃত জায়গায় আয়বর্ধক প্রকল্প দ্রুত বাস্তবায়নে মেয়রের তাগিদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক আবুল মনসুর ফয়জুল্লাহ আজ সকালে টাইগারপাসস্থ চসিক ভবনের মেয়র দপ্তরে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে বিশ্বব্যাংকের প্রণোদনায় ও বিএমডিএফ'র সার্বিক ব্যবস্থাপনায় নগরীতে সদ্যনির্মিত দক্ষিণ আগ্রাবাদ মাল্টিস্টোরেট কমার্শিয়াল কমপ্লেক্স ও ফইল্যাতলী মাল্টি স্টোরেট কিচেন মার্কেটের সম্পাদিত কাজের বিষয়ে মেয়রকে অবহিত করেন। মেয়র কাজের গুণগত মান সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন এবং আগামীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে আরো উন্নয়ন প্রকল্প বরাদ্দ দেয়ার জন্য বিএমডিএফ'র এমডিকে অনুরোধ জানান। তিনি বলেন, বিশ্বব্যাংক আমাদের উন্নয়নের অংশীদার। বিএমডিএফ'র মাধ্যমে যে কাজগুলো সম্পাদিত হয় তাতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো নানাভাবে উপকৃত হয়। তিনি নগরীর বিবিরহাটে চসিকের যে দুই একর জায়গা আছে সেখানে বিএমডিএফ কর্তৃক মোটর পার্টস মার্কেট নির্মাণ করলে চসিক যেমন উপকৃত হবে অন্যদিকে বিএমডিএফ'রও একটি বড়ধরনের নাগরিক সেবার সুযোগ সৃষ্টি হবে বলে অভিমত ব্যক্ত করেন। মেয়রের আহ্বানে সাড়া দিয়ে বিএমডিএফ'র ব্যবস্থাপনা পরিচালক আগামী দু-এক সপ্তাহের মধ্যে বিবিরহাটের জায়গাটি পরিদর্শনের জন্য বিশেষ টিম পাঠিয়ে সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন বলে মেয়রকে আশ্বাস প্রদান করেন। মেয়র নগরীতে চসিকের যে সব জায়গা খালি পড়ে আছে, সেসব জায়গার উপর ছোট ছোট প্রকল্প দ্রুততার সাথে গ্রহণ করে চসিকের আয় বৃদ্ধির ব্যবস্থা নিতে নির্দেশনা প্রদান করেন। এসময় চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুল আলম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, উপ-প্রকল্প পরিচালক নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, নির্বাহী প্রকৌশলী মো. জসিম উদ্দিন, বিএমডিএফ'র কোম্পানী সচিব নাসির উদ্দিন আহমেদ চৌধুরী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

চসিক তত্ত্বাবধানে ১১টি হাসপাতালে এস.এম.এস প্রাপ্তদের টিকা দেয়া হচ্ছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী জানান, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে নগরীর ১১টি হাসপাতাল, মাতৃসদন ও স্বাস্থ্যসেবা কেন্দ্রে কোভিড-১৯ প্রতিরোধক মর্ডানা, স্ট্রেজেনেট ও সিনো ফার্মের টিকা প্রদান কার্যক্রম চলছে। হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্র গুলো হলো সিটি কর্পোরেশন মেমর জেনারেল হাসপাতাল, বন্দরটিলা মাতৃসদন হাসপাতাল, মোস্তফা হাকিম মাতৃসদন হাসপাতাল, ছাফা মোতালেব মামুসদন হাসপাতাল, চট্টগ্রাম বন্দর হাসপাতাল, নেভী হাসপাতাল, সি এম এইচ হাসপাতাল, এয়ার ফোর্স হাসপাতাল, ২৫০ শয্যা বিশিষ্ট চট্টগ্রাম জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল। উল্লেখ্য যে, সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে নিবন্ধিতদের টিকা ফিরিঙ্গী বাজারস্থ চসিক ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি এন্ড ম্যাটসে দেয়া হচ্ছে। চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা আরো জানান, এসব হাসপাতাল ও স্বাস্থ্য সেবা কেন্দ্রে শুধুমাত্র এস.এম.এস প্রাপ্তরাই টিকা নিতে পারবেন। এর বাইরে কাউকে হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রে অথবা ভীড় না করার জন্য অনুরোধ জানান।

ফটো সাংবাদিক দিদারুল আলমের মৃত্যুতে সিটি মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী চট্টগ্রাম ফটো জার্নালিস্ট এসোসিয়েশনের সভাপতি ও সিনিয়র সাংবাদিক দিদারুল আলমের অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় তিনি মরুহুম দিদারুল আলমের রুহের মাগফেরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদন জ্ঞাপন করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩